

ঢাকা ওয়াসা

সংযুক্ত ক্রঃ নং-১। ২০২৪-২০২৫ ইং অর্থ বৎসরের অনুমোদিত সংশোধিত বার্ষিক কর্ম-পরিকল্পনার ফটোকপি।

সংযুক্ত ক্রঃ নং- ২। আলোচ্য কাজের অনুমোদিত দরের কপি।

সংযুক্ত ক্রঃ নং-৩। মের্সার মানু ইলেকট্রিক ওয়ার্কস এর কাগজপত্র।

সংযুক্ত ক্রঃ নং-৪। আলোচ্য সরবরাহ কাজের প্রাক্কলন।

Subject: Repairing, maintenance & Servicing of Air Compressor of SWTP-1.

১। সায়েদাবাদ পানি শোধনাগার বাংলাদেশ সরকার কর্তৃক স্বীকৃত একটি কে পিআই প্রতিষ্ঠান। সাপাশো ফেজ-১ হতে প্রতিদিন ২২.৫ কোটি লিটার পরিশোধিত পানি ঢাকা মহানগর বাসীদের সরবরাহ করা হয়। ২০০২ সালে চালু হওয়ার পর হতে অদ্যাবধি সৃষ্ঠভাবে ঢাকা মহানগরীতে পানি সরবরাহ করে আসছে। উক্ত পানি শোধনাগারের পানি শোধন প্রক্রিয়ায় বিভিন্ন ডায়া মিটারের ভাল্ব সমূহ নিউমেটিক এয়ার সিস্টেমের মাধ্যমে অপারেট করা হয়। নিউমেটিক সিস্টেমের এয়ার হতে জলীয় বাষ্প বা-পানি আলাদা করার জন্য এয়ার ওয়াটার সেপারেটর ব্যবহার করা হয়। আলোচ্য এয়ার ওয়াটার সেপারেটর সমূহ সঠিক ভাবে কাজ না করলে সলিনয়েড ভাল্ব ও নিউমেটিক একচুয়েটর এ পানি প্রবেশ করে তা ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা থাকে। পানি ও পয়ঃ শোধনাগারের আওতাধীন সায়েদাবাদ পানি শোধনাগারের ফেজ-১ এর পানি শোধন প্রক্রিয়ায় নিউমেটিক সিস্টেম ব্যবহারের জন্য দুইটি এয়ার কম্প্রেসর রয়েছে। উক্ত এয়ার কম্প্রেসর ২ টি সাপাশো ফেজ-১ এর অপারেশন বিল্ডিং এ অবস্থিত। আলোচ্য কম্প্রেসর এর মাধ্যমে ৪.৫ বার থেকে ৫.৫০ বারে কম্প্রেসড এয়ার নিউমেটিক সিস্টেমে প্রেরণ করা হয়। আলোচ্য কম্প্রেসর এর প্রেরিত এয়ার এর মাধ্যমে ফিল্টার ব্যাকওয়াশ, ফিল্ট্রেশন সিস্টেম, স্লাজ এক্সট্রাকশন সিস্টেম এ ব্যবহৃত বিভিন্ন ডায়া মিটারের বাটার ফ্লাই ভাল্ব সহ একচুয়েটর অপারেট করা হয়। এয়ার কম্প্রেসর সমূহ সার্বক্ষণিক চালু রাখতে হয়। এয়ার কম্প্রেসর এর এয়ার প্রেসার কম/বন্ধ হয়ে গেলে অত্র শোধনাগারের পানি পরিশোধন প্রক্রিয়া বন্ধ হয়ে যাবে। বর্তমানে এয়ার কম্প্রেসর মোটর গুলি অনেক পুরাতন হওয়ায় তা সঠিক ভাবে কাজ করছে না। তাছাড়াও এয়ার কম্প্রেসর মোটর গুলি প্রতিবছর সার্ভিসিং ও মেরামত করা হলে পাম্প মোটর গুলির কার্যক্ষমতা বৃদ্ধি পাবে। সেই কারনে এয়ার কম্প্রেসর মোটর গুলি মেরামত, রক্ষনাবেক্ষন ও সার্ভিসিং করার জন্য এই কাজে অভিজ্ঞতা সম্পন্ন ঠিকাদার মের্সার মানু ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস দিয়ে পানি সরবরাহ পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে পাম্প মোটর গুলোর আয়ুষ্কাল বৃদ্ধির লক্ষ্যে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি বিভাগীয় প্রাক্কলন প্রস্তুত করে উপস্থাপন করা হয়েছে (ক্রমিক নং-৪ দ্রঃ)। যাতে টাকার পরিমাণ মোট টা: ৪,৮১,৯৫০/- (চার লক্ষ একাশি হাজার নয়শত পঞ্চাশ টাকা মাত্র) হয়েছে।

২। উক্ত কাজটি PPR ২০০৮ এর ৭৬(১)(ট) ধারাতে সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) তে সম্পাদন করা যেতে পারে। কাজটি চলতি ২০২৪-২৫ অর্থ বৎসরের অনুমোদিত সংশোধিত বার্ষিক কর্ম-পরিকল্পনার O & M খাতের সিরিয়াল নং M-117, W-58 এ DPM তে অন্তর্ভুক্ত আছে।

৩। এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে Repairing, maintenance & Servicing of Air Compressor of SWTP-1. কাজটি পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন ও ঢাকা ওয়াসার বৈদ্যুতিক ও যান্ত্রিক তালিকা ভুক্ত ঠিকাদার মের্সার মানু ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস এর মাধ্যমে মোট টা:- ৪,৮১,৯৫০/- (চার লক্ষ একাশি হাজার নয়শত পঞ্চাশ টাকা মাত্র) টাকার প্রাক্কলনটি আর্থিক কারিগরি ও প্রশাসনিক অনুমোদনসহ সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) সদয় অনুমোদন দেওয়া যেতে পারে। যাহা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

Fatema
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (পরিচালন)
ঢাকা ওয়াসা।

AE
সৈয়দ মোঃ মাহফুজুর রহমান
সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (পরিচালন)
ঢাকা ওয়াসা।

E/E
মোঃ এমরানুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (পরিচালন)
ঢাকা ওয়াসা।

SE, W/TP
মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা।

08
মোঃ আব্দুস সালাম কাম্রার
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা